



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোন : ৯১৭৬৬৬৮  
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/৪৫৩

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-১৯/ ১৪০৭

তারিখঃ ১৪/০৩/২০১৯ খ্রিঃ

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয়ঃ সাপ্তাহিক ছুটিসহ ৩ দিন ব্যাংক ছুটিকালীন সময়ে ব্যাংকের সার্বিক নিরাপত্তা বিধান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সাপ্তাহিক ছুটিসহ টানা ৩দিন ব্যাংক বন্ধ থাকার কারণে যাতে কোন ধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ০৩। শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজধানীর শাখাগুলোসহ মাঠ পর্যায়ের সকল শাখার দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ
- (১) ছুটিকালীন সময় দিন-রাত ২৪ ঘণ্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শাখা/কার্যালয়ের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নিরাপত্তা গ্রহণের সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণপূর্বক তার সাথে নিয়মিত যোগাযোগ রাখা করবেন;
- (২) শাখা/কার্যালয়ের নিরাপত্তা গ্রহণী যাতে শাখা/কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করতঃ যথাযথভাবে দায়িত্ব/কর্তব্য পালন করেন সে বিষয়টি নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোন একজন কর্মস্থলে অবস্থান করে শাখা/কার্যালয়ে সংরক্ষিত ডিউটি রেজিস্টার পরিপালন করাসহ নিরাপত্তা গ্রহণের অবস্থা নিবিড়ভাবে তদারকি করবেন;
- (৩) ছুটিকালীন সময়ে শাখার ভল্টে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে এবং ভল্টের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
- (৪) উপরে বর্ণিত ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মীর কোন পরিচিত বা আত্মীয়-স্বজন কোন অবস্থায়ই শাখার অভ্যন্তরে অবস্থান করতে পারবে না;
- (৫) আলোচ্য ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দূরে কোথাও যেতে পারবে না;
- (৬) এ সময় ব্যাংকসমূহে কর্মরত কর্মকর্তাগণ রাতে পালানো শাখা পরিদর্শনসহ এর নিরাপত্তা ব্যবস্থাসহ পারিপার্শ্বিক অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;
- (৭) ব্যাংক শাখাসমূহ বন্ধ হয়ে যাবার পরবর্তীতে যাতে কোনক্রমেই কোন ব্যক্তি ব্যাংকে প্রবেশ না করতে পারেন এর প্রতি তীক্ষ্ণ দৃষ্টি ও ব্যবস্থা নিতে হবে এবং সংশ্লিষ্ট পুলিশ স্টেশন/র‍্যাব কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৮) ব্যাংকের নিরাপত্তা ঘণ্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;
- (৯) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে বাতি জ্বালিয়ে রাখতে হবে।
- ০৪। এমতাবস্থায়, উক্ত ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়া, শাখা/কার্যালয়ের নিরাপত্তা বিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর গ্রহণীদেরকে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এতদ্বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়তার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত,




(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্টাফ কলোজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি/মহানথি।



(মোঃ নিজামুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক